**NYC Mayor's Office of Immigrant Affairs**

# ভ্রমণ-সংক্রান্ত পরামর্শ: বিমানবন্দরে ICE

*Bangla • March 2026*

## প্রয়োজনে একটি নিরাপত্তা পরিকল্পনা তৈরি করুন

আপনার যদি অভিবাসন সংক্রান্ত কোনো চলমান মামলা থাকে, তবে ভ্রমণ বা বিমানবন্দরে যাওয়ার আগে একজন অভিবাসন আইনজীবীর সাথে কথা বলার বিষয়টি বিবেচনা করুন।

একজন আইনজীবী, বন্ধু, পরিবারের সদস্য কিংবা অন্য কোনো জরুরি যোগাযোগের ব্যক্তির ফোন নম্বর নিজের কাছে রাখুন। নম্বরগুলো মুখস্থ করার চেষ্টা করুন অথবা সাথে করে বহন করুন।

আপনার অবস্থান কোনো বিশ্বস্ত বন্ধু, পরিবারের সদস্য অথবা জরুরি যোগাযোগের ব্যক্তিকে জানিয়ে রাখুন।

আপনার বিশ্বস্ত বন্ধু, পরিবারের সদস্য অথবা জরুরি যোগাযোগের ব্যক্তিকে ফ্লাইটের তথ্য জানিয়ে রাখুন।

## বাবা-মায়েদের জন্য বিশেষ বিবেচনা

পরিবারগুলো তাদের সন্তানদের দেখাশোনার জন্য একজন বিশ্বস্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে মনোনয়ন বা অভিভাবকত্বের মাধ্যমে নিযুক্ত করার বিষয়টি বিবেচনা করে দেখতে পারে। আপনার পরিবারের জন্য ঠিক কোন পদক্ষেপটি উপযুক্ত হবে, তা বোঝার লক্ষ্যে -এই পদক্ষেপগুলো গ্রহণ করার পূর্বে, আমরা আপনাদের একজন আইনজীবীর সাথে পরামর্শ করার জন্য বিশেষভাবে উৎসাহিত করছি।

আরও তথ্যের জন্য, QR কোড স্ক্যান করে অথবা এই ওয়েবসাইট: **www.nyc.gov/knowyourrights** -এ আমাদের প্রচারপত্র -'অভিবাসী পিতামাতা ও পরিচর্যাকারীদের জন্য তথ্য' দেখুন।

আপনার নির্দিষ্ট পরিস্থিতির বিষয়ে দিকনির্দেশনার জন্য, অভিবাসন সংক্রান্ত আইনি সহায়তা কীভাবে এবং কোথায় পাওয়া যাবে—সে সম্পর্কে তথ্য পেতে অনুগ্রহ করে MOIA-র সিটি-অর্থায়িত, সম্পূর্ণ বিনামূল্যে এবং নিরাপদ 'অভিবাসন আইনি সহায়তা হটলাইন'-এ ফোন করুন। নিউ ইয়র্ক সিটির যেসব বাসিন্দা নির্দিষ্ট আয়ের শর্তাবলি পূরণ করেন, তাঁদের জন্য বিনামূল্যে আইনি সহায়তা পাওয়া যায়।

**800-354-0365**

Mayor's Office of Immigrant Affairs

# ভ্রমণ-সংক্রান্ত পরামর্শ: বিমানবন্দরে ICE

*Bangla • March 2026*

**23 মার্চ, 2026 থেকে স্বরাষ্ট্র মন্ত্রণালয় (Department of Homeland Security, DHS) -এর চলমান আংশিক সরকারি শাটডাউনের পরিপ্রেক্ষিতে নিরাপত্তা কার্যক্রমে সহায়তা করার জন্য ICE কর্মকর্তাদের 14টি মার্কিন বিমানবন্দরে মোতায়েন করা হয়েছে।**

## বিমানবন্দরে কী কী পরিস্থিতির সম্মুখীন হতে পারেন?

LaGuardia, JFK এবং Newark সহ দেশজুড়ে 14টি বিমানবন্দরে ICE মোতায়েন করা হয়েছে।

বিমানবন্দরে নিরাপত্তা তল্লাশির দীর্ঘ লাইনের জন্য প্রস্তুত থাকুন। আপনার ফ্লাইটের সময়ের মধ্যে তল্লাশি পর্বটি সম্পন্ন করা নিশ্চিত করতে আগেভাগেই পৌঁছে যান।

## গুরুত্বপূর্ণ নথিপত্রের ছাপানো কপি সাথে আনুন।

বৈধ অবস্থানের প্রমাণপত্র, যেমন—একটি বৈধ ভিসা, গ্রিন কার্ড, কাজের অনুমতিপত্র অথবা কোনো বিচারাধীন আবেদনের প্রাপ্তিস্বীকারপত্র।

আপনার মামলাটি যদি নিষ্পত্তি হয়ে থাকে, তবে ফৌজদারি আদালতের আদেশের প্রাসঙ্গিক প্রত্যয়িত অনুলিপি। আপনার নির্দিষ্ট পরিস্থিতির জন্য কোন নথিপত্রগুলো প্রাসঙ্গিক, সে বিষয়ে একজন অভিবাসন আইনজীবীর সাথে পরামর্শ করুন।

আপনার টিকিট বা বোর্ডিং পাস।

**এই তথ্যটি শুধুমাত্র সাধারণ শিক্ষামূলক উদ্দেশ্যে প্রদান করা হয়েছে এবং এটি কোনো আইনি পরামর্শ নয়। আপনি বা আপনার পরিচিত কোনো ব্যক্তির যদি অভিবাসন সংক্রান্ত অবস্থা নিয়ে কোনো উদ্বেগ থাকে এবং আপনারা ভ্রমণের পরিকল্পনা করে থাকেন, তবে আমরা আপনাদের জোরালো পরামর্শ দিচ্ছি যে—ভ্রমণে বের হওয়ার আগেই একজন অভিবাসন আইনজীবীর সাথে কথা বলুন।**